



অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, অক্টোবর ৩০, ২০০০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
আভ্যন্তরীণ সম্পদ বিভাগ
(মূল্য সংযোজন কর)
প্রজ্ঞাপন

তারিখ, ১১ই কার্তিক ১৪০৭বাং/২৬শে অক্টোবর ২০০০ইং

এস, আর, ও নং-৩২৬-আইন/২০০০/২৯৫-মুসক।—মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ১৪(১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার Customs Act, 1969 (IV of 1969) এর First Schedule এর কলাম (১) এর শিরনামা সংখ্যা (Heading No.) 47.07 এর বিপরীতে কলাম (২) এ উল্লিখিত সংশ্লিষ্ট সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S.Code) এর আওতাধীন কলাম (৩) তে বর্ণিত Waste Paper কে, অতঃপর পণ্য বলিয়া উল্লিখিত, উহার উপর আরোপণীয় সমুদয় মূল্য সংযোজন কর হইতে, নিম্নবর্ণিত শর্তাধীনে অব্যাহতি প্রদান করিল, যথা :—

শর্ত

- (ক) আমদানীকারককে এই মর্মে বিনিয়োগ বোর্ডের প্রত্যয়ন পত্র দাখিল করিতে হইবে যে, আমদানীকৃত পণ্য দ্বারা শুধুমাত্র De-inking প্রক্রিয়ায় Waste Paper এর মাধ্যমে নিউজপ্রিন্ট প্রস্তুত করা হইবে এবং আমদানীকৃত পণ্যের পরিমাণ হইবে বিনিয়োগ বোর্ড কর্তৃক নির্ধারিত বার্ষিক কাঁচামালের ভিত্তিতে আমদানীকারক নিউজপ্রিন্ট উৎপাদনকারী প্রতিষ্ঠান কর্তৃক আমদানীকৃত বা আমদানীতব্য বার্ষিক প্রয়োজনীয় কাঁচামালের এক তৃতীয়াংশ ;
- (খ) আমদানীকৃত পণ্য দ্বারা আগামী ৩০শে জুন, ২০০১ তারিখের মধ্যে আমদানীপূর্বক নিউজপ্রিন্ট প্রস্তুত করিতে হইবে।

২। এই প্রজ্ঞাপন ১৮-০৯-২০০০ ইং তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

রত্নপতির আদেশক্রমে,

জাকির আহমেদ খান

সচিব।

মোঃ আবদুল করিম সরকার (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।